

(বাংলায় অনূদিত)

বৈদেশিক মুদ্রা নীতি বিভাগ

বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়

ঢাকা

ওয়েবসাইট: [www.bb.org.bd](http://www.bb.org.bd)

এফই সার্কুলার নং-০৪

তারিখঃ ২৫/০৪/২০১২

ব্যবস্থাপনা পরিচালক/ প্রধান নির্বাহী  
বাংলাদেশের সকল তফসিলী ব্যাংক  
ও আর্থিক প্রতিষ্ঠানসমূহ

প্রিয় মহোদয়,

**বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত কোম্পানীকে টাকায় মেয়াদী ঋণ প্রদান প্রসঙ্গে।**

গাইডলাইন্স ফর ফরেন এক্সচেঞ্জ ট্রানজ্যাকশন্স-২০০৯ (GFET), ভলিউম-১ এর অধ্যায় ১৬, অনুচ্ছেদ ৪(বি) এর নির্দেশনার প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে। উক্ত নির্দেশনা অনুযায়ী বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত শিল্প প্রতিষ্ঠানসমূহের উৎপাদন ক্ষমতা বৃদ্ধি/বিএমআরই এর জন্য বাংলাদেশ ব্যাংকের পূর্বানুমোদন ব্যতীত ব্যাংকসমূহ নিম্নবর্ণিত শর্তে টাকায় মেয়াদী ঋণ বর্ধিতকরণ/নবায়ন করতে পারবে :

(i) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের অনুকূলে টাকায় প্রদেয় মেয়াদী ঋণ উক্ত প্রতিষ্ঠানের মোট মেয়াদী ঋণের তুলনায় বাংলাদেশী নগরিক কিংবা বিদেশী মালিকানাধীন অথবা নিয়ন্ত্রিত নয় এমন ফার্ম/কোম্পানীর ধারণকৃত মূলধনের অনুপাতের বেশি হবে না; এবং

(ii) ফার্ম/কোম্পানীর মোট ঋণ-মূলধন অনুপাত ৫০ : ৫০ অতিক্রম করবে না।

বিদ্যমান ঋণ প্রদানের নীতিমালা এবং একক গ্রাহক ঋণসীমা ইত্যাদিসহ ঋণ প্রদান সংশ্লিষ্ট রেগুলেটরী প্রভিশনস্ যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে।

০২. এ মর্মে স্পষ্টীকরণ করা যাচ্ছে যে, অননুমোদিত ডিলার ব্যাংক শাখা অথবা আর্থিক প্রতিষ্ঠানসমূহ বিদেশী মালিকানাধীন/নিয়ন্ত্রিত ফার্ম/কোম্পানীকে এরূপ মেয়াদী ঋণ দিতে পারবে। তবে এক্ষেত্রে সংশ্লিষ্ট অননুমোদিত ডিলার ব্যাংক শাখা সহযোগে উল্লিখিত নির্দেশনা যথাযথভাবে পরিপালন নিশ্চিত করতে হবে। অননুমোদিত ডিলার ব্যাংক শাখা আলোচ্য অর্থায়নের ক্ষেত্রে GFET এর ১৬ অধ্যায়ে বর্ণিত নির্দেশনার পরিপালন নিশ্চিত করবে।

০৩. GFET এর অধ্যায় ১৬ এর অনুচ্ছেদ ৪ এ বর্ণিত অন্যান্য নির্দেশনা যথারীতি অপরিবর্তিত থাকবে।

অনুগ্রহপূর্বক সার্কুলারের বিষয়বস্তু সংশ্লিষ্ট সকল শাখাকে অবহিত করবেন।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

(মোঃ আজিজুল হক)

উপ-মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫১২৬০৭